প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ..................., ১৪২৭ বঙ্গাব্দ/ ......................., ২০২০ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও নং ......... আইন/২০২০।**—মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ (২০১০ সনের ২ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

১। বিধি ২ এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (খখ) ও (খখখ) সন্নিবেশিত হইবে, যথা:

(খখ) "উৎস সনাক্তকরণ (Traceability)" অর্থ মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ সংগ্রহ, ক্রয়-বিক্রয়, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, পরিবহন ও মজুদ করিবার বিভিন্ন ধাপে গৃহিত কার্যক্রমের তথ্যাদি সংরক্ষণ;

(খখখ) "কনসাইনমেন্ট (Consignment)" অর্থ রপ্তানি বা অভ্যন্তরীণ বাজারে বাজারজাত করিবার উদ্দেশ্যে ঘোষিত এক বা একাধিক লটে উৎপাদিত বা প্রক্রিয়াজাত বা মজুদকৃত বা আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ, যাহা একটি ইনভয়েসের মাধ্যমে রপ্তানি বা আমদানি বা অভ্যন্তরীণ বাজারে বাজারজাত করা হয়;

২। বিধি ২ এর দফা (ঙ) এর পর নিম্নরূপ দফা (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা:

(ঙঙ)"পণ্য প্রত্যাহার" অর্থ প্রস্তুতকৃত মৎস্যখাদ্য বা কোনো মৎস্যখাদ্য উপকরণ বিক্রয়ের জন্য বা অন্য যে কোন উদ্দেশ্যে প্রদর্শন বা মজুদ বা পরিবহন বা প্রক্রিয়াকরণাধীন (Work in process) স্থান হইতে মহাপরিচালকের আদেশে বর্ণিত পদ্ধতি এবং স্থানে প্রস্তুতকারী বা ক্ষেত্রবিশেষে বিক্রয়কারি বা মজুদকারী বা কারখানার মালিকের নিজ ব্যয়ে আনয়ন বা একীভূতকরণ।

৩। বিধি ২ এর দফা (ঞ) এর পর নিম্নরূপ দফা (ঞঞ) সন্নিবেশিত হইবে, যথা:

(ঞঞ) "লট" অর্থ একটি কারখানায় একদিনে একই পরিবেশে উৎপাদিত একই বৈশিষ্ট্য ও আদর্শমান সম্পন্ন মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ।

৪। বিধি ২ এর দফা (ট) এর পর নিম্নরূপ দফা (ঠ) , (ড) এবং (ঢ) সন্নিবেশিত হইবে, যথা:

(ঠ) "মৎস্যখাদ্য উপকরণ" অর্থ খাদ্যদব্য হিসাবে মৎস্যখাদ্য উৎপাদনে ব্যবহৃত সরকার কর্তৃক অনুমোদিত শর্করা, প্রোটিন (ফিশমিল, প্রোটিন মিল, প্রোটিন কনসেন্ট্রেট, মিট মিল, বোন মিল, মিট এন্ড বোন মিল, সয়াবিন মিল ইত্যাদি), স্নেহ, ভিটামিন, ভিটামিন প্রিমিক্স, লবন বা ইহাদের মিশ্রন বা উৎস অথবা তপশিল (ক) ও তপশিল ৩ (খ) এর ২নং কলামে উল্লিখিত খাদ্য উপাদান অথবা পানিতে মাছের প্রাকৃতিক খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়ক সরকার কর্তৃক স্বীকৃত জৈবিক ও রাসায়নিক এক বা একাধিক উপাদান বা উহাদের মিশ্রণ এবং সময় সময় সরকারের অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষিত মৎস্যখাদ্য উপকরণ;

(ড) "স্বাস্থ্য সনদ (health certificate)" অর্থ বিধি ১৭ এর অধীন প্রদত্ত স্বাস্থ্য সনদ;

(ঢ) "ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে মহাপরিচালক এর নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল ৯ম গ্রেডের নিম্নে নহে এমন সকল কর্মকর্তা।

৫। বিধি ৩ এর উপবিধি (১) এর দ্বিতীয়-তৃতীয় লাইনে 'ফরম ১ বা' এর পরে 'ফরম ১ (ক)' এবং উপবিধি (৪) এর দ্বিতীয় লাইনে 'ধারা ৬ এর বিধান সাপেক্ষে ফরম-৪' এর পরে 'বা, ক্ষেত্রমত, ফরম ৪ (ক)' এবং উপবিধি (৫) এর পরে নিম্নরুপ উপবিধি (৬) সংযোজিত হইবে।

(৬) (ক) মৎস্যখাদ্য উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ কারখানার মালিক নহে এমন ব্যক্তি আইন ও বিধির অধীনে বিদ্যমান যে কোন মৎস্যখাদ্য উৎপাদনকারী বা প্রক্রিয়াজাতকারী কারখানার লাইসেন্সধারী মালিকের সাথে মৎস্যখাদ্য উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের উদ্দেশে রেজিস্টার্ড চুক্তিনামা সম্পাদন সাপেক্ষে নন-প্যাকার মৎস্যখাদ্য উৎপাদনকারী হিসেবে লাইসেন্স প্রাপ্তির জন্য ফরম ১(ক) এ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন এবং এই উদ্দেশ্যে মৎস্যখাদ্য উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের জন্য লাইসেন্স প্রাপ্তি ব্যতীত সংশ্লিষ্ট ব্যাক্তি বা প্রতিষ্ঠান নন-প্যাকার মৎস্যখাদ্য উৎপাদনকারী হিসাবে মৎস্যখাদ্য উৎপাদন করিতে পারিবেন না।

(খ) দফা (ক) উল্লিখিত চুক্তিনামার মেয়াদ অন্যূন ৫ (পাঁচ) বছর হইবে।

(গ) সংশ্লিষ্ট কারখানার নিজস্ব বার্ষিক উৎপাদন ক্ষমতার বেশি নন-প্যাকার মৎস্যখাদ্য উৎপাদনকারী মৎস্যখাদ্য উৎপাদন করিতে পারিবেন না।

(ঘ) নন-প্যাকার লাইসেন্সধারী নিজস্ব ব্রান্ড নামে মৎস্যখাদ্য বাজারজাত করিবেন এবং প্যাকেটের গায়ে কারখানার স্বত্তাধিকারীর নাম ও ঠিকানা লিখিতে হইবে এবং বাজারজাতকারক হিসাবে নন-প্যাকার মৎস্যখাদ্য উৎপাদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ থাকিবে।

(ঙ) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ মজুত এবং মান পরীক্ষার জন্য মূল কারখানার মালিকের নিয়ন্ত্রণাধীন যথাক্রমে স্থান এবং ল্যাবেরেটরি চুক্তি মোতাবেক মূল্য গ্রহনের মাধ্যমে ব্যবহারের সুযোগ প্রদান করিতে পারিবেন।

(চ) আইন বা বিধির অন্যান্য সকল বিধান যাহা মূল কারখানার মালিকের জন্য প্রযোজ্য হইবে তাহার সকলই নন-প্যাকারের জন্য প্রযোজ্য হইবে।

(ছ) সরকারের অনুমোদনক্রমে মহাপরিচালক নন-প্যাকারের লাইসেন্সে যে কোন শর্ত অন্তর্ভূক্ত করিতে পারিবেন।

৬। বিধি ৪ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

৪। **লাইসেন্স প্রাপ্তির শর্তাবলী**।- আইনের ধারা ৬ অনুযায়ী লাইসেন্স প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ৩ (তিন) টি ক্যাটাগরিতে প্রত্যেক আবেদনকারী আবেদনের সাথে যে সকল কাগজাদি সংযুক্ত কবরিবেন যথাঃ-

**(ক) ক্যাটাগরি-১ এবং ১(ক) :**

(১)হালনাগাদ আয়কর সনদ;

(২)ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ;

(৩)জমির মালিকানা সংক্রান্ত রেজিস্টার্ড লিজ বা ভাড়া সংক্রান্ত চুক্তি বা নিজ নামের হাল খতিয়ান ;

(৪)ট্রেড লাইসেন্স

(৫)তফসিল ১ ও ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান মর্মে ঘোষণাপত্র;

(৬)কারখানার লে আউট প্লান

(৭)বার্ষিক মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ, ক্ষমতার তথ্যাবলি সমেত ঘোষণাপত্র।;

(৮) উত্তম প্রক্রিয়াজাতকরণ অনুশীলণ (Good Manufacturing Practice GMP) প্রতিপালন করিবে মর্মে প্রতিশ্রুতিপত্র;

(৯) বর্জ্য ব্যবস্থাপনার বর্ণনা।

(১০) পরিবেশ অধিদপ্তরের প্রত্যয়নপত্র/ছাড়পত্র

(১১) পশুখাদ্য উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের জন্য লাইসেন্স থাকিলে উহার কপি।

**(খ) ক্যাটাগরি-২:**

(১)বৈধ আমদানি ও রপ্তানি লাইসেন্স;
(২)ভ্যাট রেজিস্ট্রেশন সনদ;
(৩)হালনাগাদ আয়কর সনদ;
(৪)হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(৫)তফসিল ২ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান থাকিতে হইবে;
(৬)মৎস্যখাদ্য গুদামজাতকরণ উপযোগী, মানসম্মত ও প্রয়োজনীয় ধারণ ক্ষমতাসম্পন্ন স্থাপনার ঠিকানা ও লে আউট প্লান;
(৭)মৎস্যখাদ্য আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক দেশের মৎস্যখাদ্য উৎপাদন ও মান নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন/বিধি/নীতিমালা, যদি থাকে, উহাদের শিরোনাম।
(৮) মৎস্যখাদ্য রাসায়নিক ও জৈব নিরাপত্তা সংক্রান্ত সনদদানকারী রপ্তানিকারক দেশের এক্রিডেটেড কর্তৃপক্ষের নাম ও ঠিকানা (ওয়েবসাইটের নামসহ)।

**(গ) ক্যাটাগরি-৩ (ক) এবং ৩ (খ) :**

(১)গুদাম যদি থাকে তাহাসহ বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা;
(২)জমির/দোকানের মালিকানা সংক্রান্ত রেজিস্টার্ড লিজ বা ভাড়া সংক্রান্ত চুক্তি বা নিজ নামের হাল খতিয়ান
(৩) হাল-নাগাদ ট্রেড লাইসেন্স ;
(৩)প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও ভ্যাট সনদ।
(৪)পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স থাকিলে তাহার কপি।
(৫) ব্যক্তিমালিকানার ক্ষেত্রে মালিকের জাতীয় পরিচয়পত্রের কপি।
(৬) কোম্পানির ক্ষেত্রে কোম্পনি আইন ১৯৯৪ মোতাবেক কোম্পনি সনদ।

৭। বিধি ৫ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

**৫। লাইসেন্স ফি, নবায়ন ফি, আপিল ফি ইত্যাদি।**– (১) আইন ও এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত হারে লাইসেন্স ফি, নবায়ন ফি, আপিল ফি প্রদান করিতে হইবে, যথা:-

**ছক-১**

| ক্রমিক নং | ক্যাটাগরি | লাইসেন্স ফি (টাকা) | নবায়ন ফি (টাকা) | আপিল ফি (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন কারখানা স্থাপন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, ও বিপণন (ক্যাটাগরি-১) | ২০০০০.০০ | ১০০০০.০০ | ৬,০০০.০০ |
| (২) | নন-প্যাকার মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও বিপণনকারী [ক্যাটাগরি-১ (ক)] | ১০০০০.০০ | ৫০০০.০০ | ৩০০০.০০ |
| (৩) | মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি এবং বিপণন (ক্যাটাগরি-২) | ২০,০০০.০০ | ১০,০০০.০০ | ৬,০০০.০০ |
| (৪) | মৎস্যখাদ্য বিক্রয় পাইকারী [ক্যাটাগরি-৩ (ক)] | ২,০০০.০০ | ১০০০.০০ | ৫০০.০০ |
| (৫) | মৎস্যখাদ্য বিক্রয় খুচরা [ক্যাটাগরি-৩ (খ)] | ৫০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |

(২) আইন ও এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানির ক্ষেত্রে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত হারে নির্ধারিত ফি প্রদেয় হইবে, যথা:-

**ছক-২**

| ক্রমিক নং | বিবরণ | ফি (টাকা) | |
|---|---|---|---|
| | | আবেদন ফি | সনদ |
| (১) | স্বাস্থ্য সনদ | ৫০০ | ২০০০.০০ |
| (২) | যে কোন ধরণের অতিরিক্ত সনদ, সনদের সংশোধন বা পরিবর্তন | - | ১০০০.০০ |
| (৩) | স্বাস্থ্য সনদের মেয়াদ বৃদ্ধি | - | ১০০০.০০ |
| (৪) | স্বাস্থ্য সনদের পুনঃ আবেদন/ পুনঃ পরিদর্শনের আবেদন | ৫০০.০০ | - |
| (৫) | স্বাস্থ্য সনদ হারানো বা বিনষ্টের ক্ষেত্রে পুনঃ ইস্যু | - | ২০০০.০০ |

(৩) উপবিধি ১ ও ২ উল্লিখিত যাবতীয় ফি ট্রেজারি চালানের মাধ্যমে ১-৪৪৩১-০০০০-২৩২৬, 'অন্যান্য প্রাপ্তি' কোড এ জমা প্রদান করিতে হইবে এবং আবেদন মঞ্জুর হইবার পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ফি জমা প্রদানপূর্বক চালানের একটি কপি দাখিল করিতে হইবে।

(৪) উপবিধি (৩) মোতাবেক চালানের কপি দাখিল হইবার অনধিক ৩ (তন) কার্যদিবসের মধ্যে লাইসেন্স হস্তান্তর করিতে হইবে।

(৫) আবেদন না মঞ্জুর হইলে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৬) প্রয়োজ্য হইলে ফি এর সাথে সরকার নির্ধারিত হারে মূল্য সংযোজন কর বা আয়কর আদায়যোগ্য হইবে।

**৮। বিধি ৭ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-**

**৭। মৎস্যখাদ্যে ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির তালিকা।**— (১) তফসিল ৭ এ উল্লিখিত এন্টিবায়োটিক, গ্রোথ হরমোন, স্টেরয়েড এবং কীটনাশক মৎস্যখাদ্যের জন্য নিষিদ্ধ ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি হিসাবে গণ্য হইবে।

(২) সরকার প্রয়োজনে প্রজ্ঞাপনের মাধ্যমে অন্য যে কোন এন্টিবায়োটিক, গ্রোথ হরমোন, স্টেরয়েড , কীটনাশক এবং ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি তফসিল ৭ এর অন্তর্ভূক্ত করিতে পারিবে।

(৩)প্রাকৃতিক উৎস হইতে মৎস্যখাদ্য উপকরণে স্থিত এন্টিবায়োটিক, গ্রোথ হরমোন, স্টেরয়েড , কীটনাশকসহ অন্যান্য ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির মাত্রা তফসিল -৭(ক) তে বর্ণিত মাত্রার অধিক হইবে না।

**৯। অ) বিধি ৮ এর উপবিধি (২) এর দফা (চ) এর পরে নিম্নরূপ দফা (ছ) সংযোজিত হবে-**

(ছ) ভিটামিন, খনিজ লবণ এবং অন্যান্য পুষ্টি উপাদান বৈজ্ঞানিকভাবে স্বীকৃত এবং মহাপরিচালক অনুমোদিত যে কোন রাসায়নিক পরীক্ষণ পদ্ধতি।

**আ)** বিধি ৮ এর উপবিধি (২) এর পরে নিম্নরূপ উপবিধি (৩) এবং উপবিধি (৪) সন্নিবেশিত হইবে-

(৩) উপবিধি (২) যাহাই উল্লেখ থাকুক মৎস্য খাদ্যের গুণগত মান ও পুষ্টিমান পরীক্ষণে বৈজ্ঞানিকভাবে গ্রহনযোগ্য যে কোন পদ্ধতি মহাপরিচালক নির্ধারণ করিয়া দিতে পারিবেন।

(৪) সরকার সরকারী প্রজ্ঞাপনের মাধ্যমে তফসিল-৬ এ উল্লেখ নাই এমন যে কোন প্রজাতির মাছের জন্য তৈরী মৎস্যখাদ্যের আদর্শমাত্রা খাদ্যের আদর্শমাত্রা/পুষ্টিমান নির্ধারণ করিবে এবং উহা এই তফসিলভূক্ত হিসাবে গণ্য হইবে।

**১০। অ) বিধি ৯ এর (ক) উপবিধি নিম্নরূপে প্রতিস্থাপিত হবে এবং উহার পরে নিম্নরূপ (কক) অনুচ্ছেদ যুক্ত হবে-** -

(ক) লাইসেন্সিং কর্তৃপক্ষ বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোন সময় মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদক, প্রস্তুতকারক, আমদানিকারক বা রপ্তানিকারক, বিক্রেতা, মৎস্যখাদ্য উৎপাদন কারখানা, গুদাম, পরিবহন বা বিক্রয়কারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালক বা ম্যানেজার বা দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তিকে নোটিশ প্রদান পূর্বক বা প্রয়োজনে নোটিশ প্রদান ব্যাতীত পরিদর্শনকালে সংশ্লিষ্ট উৎপাদন কারখানা, গুদাম, পরিবহন বা বিক্রয়কারী প্রতিষ্ঠানের পক্ষে উপস্থিত কোন ব্যক্তির সম্মুখে যৌথভাবে প্রতিটি পর্যবেক্ষণের জন্য বিনা মূল্যে কমপক্ষে তিন (৩)টি নমুনা সংগ্রহ করিবে এবং প্যাকেটবদ্ধ ও সিলগালা করিয়া প্যাকেটের গায়ে সংগ্রহের তারিখ, সময়, নমুনা সংগ্রহ স্থানের পূর্ণ ঠিকানা, যাহার বা যে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রন হইতে নমুনা সংগ্রহ করা হইল উহার নাম, লাইসেন্স নম্বর, নমুনার ব্যাচ নং, ব্রাণ্ড নাম, বস্তা বা প্যাকেটের গায়ে উদ্ধৃত উপকরণ ও উহার পরিমানের বিবরণী উল্লেখ করিয়া বিবরণী পত্রে নিজে স্বাক্ষর করিয়া উপস্থিত ব্যক্তির স্বাক্ষর গ্রহন করিবেন, তবে সংশ্লিষ্ট উৎপাদন কারখানা, গুদাম, পরিবহন বা বিক্রয়কারী প্রতিষ্ঠানের পক্ষে উপস্থিত কোন ব্যক্তি স্বাক্ষর করিতে অস্বীকার করিলে সেই ক্ষেত্রে উপস্থিত যে কোন দুই জন স্বাক্ষীর স্বাক্ষর গ্রহন করিবেন।

(কক) উপবিধি (ক) তে বর্ণিত তথ্য বিবরণী যে বস্তা বা প্যাকেট হইতে সংগ্রহ করা হইবে সেই বস্তা বা প্যাকেটের গায়ে এক কপি সংযুক্ত করিয়া বস্তা বা প্যাকেট সিল গালা করিয়া লাইসেন্স ইস্যুকারি কর্তৃপক্ষ যে কোন উপযুক্ত ব্যক্তির নিকট

বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, কারখানা বা গুদাম বা ডিলারের হেফাজতে দিতে পারিবেন এবং পরীক্ষার ফলাফলে আইন বা বিধির ব্যত্যয় না ঘটিলে বস্তা বা প্যাকেটের সিল গালা খুলিয়া সংশ্লিষ্ট মালিকের নিকট হস্তান্তর করিবেন।

(আ) বিধি ৯ এর (গ) ও (ঘ) তে উল্লিখিত যথাক্রমে 'অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) দিনের' ও '৩০ (ত্রিশ) দিনের' পরিবর্তে যথাক্রমে 'অনুর্দ্ধ ১৫ (পনের) কার্যদিবসের' ও 'অনুর্দ্ধ ১৫ (পনের) কার্যদিবসের' হইবে।

**১১। বিধি ১০ নিম্নরূপে উপবিধি ১০ দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উহার পরে বিধি ১১, ১২,১৩ ১৪ ১৫ ১৬ ,১৭,১৮,১৯,২০,২১ ও ২২ সন্নিবেশিত হইবে -**

**১০। বাজেয়াপ্তকরণ** - (১) কোন মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ ক্ষতিকর ও ভেজাল প্রমাণিত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ১৬ এর অধীন উক্ত মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ এবং উহা দেশে উৎপাদিত বা প্রক্রিয়াজাত হইলে, উক্ত মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন এবং প্রক্রিয়াজাতকরনের কাজে ব্যবহারের জন্য সংরক্ষিত রহিলে তাহাসহ যন্ত্রপাতির অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণাধীন (Work in process) এর সমুদয় বা কোন অংশ ফরম ৬ অনুযায়ী বাজেয়াপ্ত করিতে পারিবেন।

(২) পঁচা বা মেয়াদ উত্তীর্ণ মৎস্যখাদ্য উপকরণ মৎস্যখাদ্য উৎপাদনে ব্যবহার বা মজুদ বা বাজারজাত করা হউক বা না হউক তাহা বাজেয়াপ্তযোগ্য হইবে ।

(৩) উপবিধি (২) এর পঁচা বা মেয়াদ উত্তীর্ণ মৎস্যখাদ্য উপকরণ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বাজেয়াপ্ত করিবেন এবং বাজেয়াপ্তকৃত মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ আইনের ধারা ১৬ এর উপ-ধারা (২) ও (৩) অনুযায়ী বিনষ্ট করিবার ধ্বংস কারতে হইবে।

**১১। মৎস্যখাদ্য বা উহার উপকরণ প্রত্যাহার–(১)** মহাপরিচালক স্বপ্রণোদিতভাবে যৌক্তিককারণে বা তদধীন কোন দপ্তরের পরীক্ষণ প্রতিবেদনসহ বা ব্যতীত অনুরোধপত্র প্রাপ্ত হইলে বাজেয়াপ্তযোগ্য প্রতীয়মান হইলে নিম্নবর্ণিত কারণে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ কারখানা বা অন্য কোথাও মজুদ থাকিলে বা বিপণনের জন্য প্রদর্শন বা মজুদ বা পরিবহনের জন্য কোন যানবহনে থাকিলে যে অবস্থায় আছে সে অবস্থায় তাহার নির্দেশিত স্থানে ও পদ্ধতিতে প্রত্যাহারের জন্য আমদানিকারক বা কারখানার মালিক বা পরিচালক বা গুদামজাতকারি বা বিক্রেতাকে লিখিত আদেশ প্রদান করিবেন এবং অনুরুপ আদেশের কপি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদানপূর্বকধ্বংস নিশ্চিত করিতে আদেশ দান করিবেন। -

ক) লাইসেন্সবিহীন বা অবৈধ লাইসেন্সধারীর কারখানায় উৎপাদিত বা উৎপাদনের যে কোন পর্যায়ে স্থিত যে কোন পরিমানের মজুদ

খ) মেয়াদ উত্তীর্ণ যে কোন মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ।

গ) ধারা ১৩ মোতাবেক বা বিধি বা সরকারের কোন নির্দেশমালার আলোকে নির্ধারিত পাত্র ব্যবহার না করা হইলে বা লেবেলিং না করা হইলে।

ঘ) পরীক্ষার প্রতিবেদনে কোন খাদ্য উপকরণের মাত্রা আদর্শ মাত্রার নিম্নে হইলে।

ঙ) নিষিদ্ধ খাদ্যউপকরণ বা এন্টিবায়োটিক, গ্রোথ হরমোন, স্টেরয়েড, কীটনাশক, রেডিয়েশন এবং ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির উপস্থিতি বা নির্ধারিত মাত্রার অতিরিক্ত পাওয়া গেলে।

চ) ভেজাল বা দূষিত মৎস্যখাদ্য বা উপকরণ পাওয়া গেলে

ছ) অন্য যে কোন কারণে মৎস্যখাদ্য খাদ্য হিসাবে অনুপযুক্ত হইলে সরকারের অনুমোদন সাপেক্ষে।

(২) প্রত্যাহারের আদেশ প্রদানের পূর্বে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা তাহার কোন প্রতিনিধি উক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ এর লট বা ব্যাচের সমূদয় খাদ্য বা খাদ্যোপকরণ কোথায় এবং কোন অবস্থায় আছে তাহা যাচাই করিতে পারিবেন এবং লিখিত তথ্য চাহিতে পারিবেন এবং অনুরূপ তথ্য চাওয়া হইলে সংশ্লিষ্ট মালিক বা বিপননকারী বা আমদানিকারী ব্যক্তি তাহা সরবরাহ করিবেন।

(৩) প্রত্যাহৃত মৎস্যখাদ্য আইন বা বিধিতে বর্ণিত পদ্ধতিতে বা মহাপরিচালকের নির্দেশিত পন্থায় ধ্বংস করিবেন।

(৪) উপবিধি (১) এর আওতায় প্রত্যাহারকৃত এবং ধ্বংসকৃত কোনো প্রস্তুতকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ এর জন্য ক্ষতিপূরণ দাবি করা যাইবে না।

**১২। নাম পরিবর্তন ।- (১)** বিধি ৪ এর আওতায় লাইসেন্স গ্রহণের পর লাইসেন্স গ্রহণকারী যে নামে লাইসেন্স তাহার পরিবর্তে অন্য কোন নামে প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করিতে ইচ্ছুক হইলে নিম্নবর্ণিত কাগজাদি সমেত লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিবেন-

(ক) বলবৎ লাইসেন্স গ্রহনকারি নিজ নামে ও স্বাক্ষরে কারণ উল্লেখপূর্বক আবেদন করিবেন।

(খ) কোন অপরাধের দায় এড়ানোর জন্য নহে বা কোন দেনার দায় এড়ানোর জন্য নহে এইরূপ ঘোষণা সম্বলিত এফিডেবিট।

(গ) কোম্পানি আইন ১৯৯৪ মোতাবেক কোন নিবন্ধিত কোম্পানি হইলে পরিবর্তিত নামের নিবন্ধিত সনদ।

(গ) ন্যূনতম দুইটি জাতীয় সংবাদপত্রে প্রকাশিত নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি কপি।

(ঘ) পরিবর্তীত নামের ব্যবসা লাইসেন্সের কপি।

(ঙ) কোন রেজিস্টার্ড ব্যবসায়ী সমিতির সদস্য হইলে সংশ্লিষ্ট সমিতিকে অবহিতকরণের কপি।

(চ) লাইসেন্স প্রাপ্তির জন্য আইন বা এই বিধির অধীন চাহিত অন্য যে কোন দলিল।

(২) উপবিধি (১) অধীন কোন আবেদন প্রাপ্ত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন বিষয়ে তদন্ত করিবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে লাইসেন্সের নামের পরিবর্তন করিতে পারিবেন এবং

(ক) বিদ্যমান লাইসেন্স বাতিল ঘোষণাক্রমে নূতন নামে লাইসেন্স ইস্যু করিবেন।

(খ) মহাপরিচালককে অবহিত করিবেন ।

(গ) নিজ কার্যালয়ের রেজিস্টারে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করিয়া স্বাক্ষর করিবেন।

(৩) উপবিধি (২) মোতাবেক লাইসেন্সে নাম পরিবর্তন না করিলে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে লিখিতভাবে সিদ্ধান্ত গ্রহণের দুই সপ্তাহের মধ্যে জানাইবেন।

(৪) এ বিধির অধীনে কোন লাইসেন্সে নাম পরিবর্তন করা হইলে উক্ত প্রতিষ্ঠানের সহিত স্বার্থ সংশ্লিষ্ট কোন পক্ষের দায়ে লাইসেন্স কর্তৃপক্ষকে দায়ী করা যাইবে না।

(৫) নাম পরিবর্তনের জন্য বিধি ৫ অনুযায়ী ক্যাটাগরি মোতাবেক নির্ধারিত ফি প্রযোজ্য হইবে।

**১৩। ডুপ্লিকেট লাইসেন্স প্রাপ্তি।**– (১) কোন সংগত কারণে লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় দায়েরকৃত সাধারণ ডায়েরীর কপিসহ বা নষ্ট হইয়া পাঠোদ্ধারযোগ্য না থাকিলে ডুপ্লিকেট লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বরাবর আবেদন করিতে পারিবেন।

(২) বিধি মোতাবেক তদন্তপূর্বক যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ একই নামে ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করিবেন, নিজ দপ্তরে রক্ষিত রেজিস্টারে 'ডুপ্লিকেট লাইসেন্স ইস্যকৃত' মর্মে লিখিয়া স্বাক্ষর করিবেন এবং মহাপরিচালককে অবহিত করিবেন।

(৩) ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু বাবদ বিধি ৫ অনুযায়ী ক্যাটাগরি মোতাবেক নির্ধারিত ফি প্রযোজ্য হইবে।

**১৪। উৎস সনাক্তকরণ (Traceability)।**– (১) মৎস্যখাদ্য উৎপাদনকারী মৎস্যখাদ্য উৎপাদনে ব্যবহৃত মৎস্যখাদ্য উপকরণ সংগ্রহ সংক্রান্ত বা মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ আমদানিকারক/ রপ্তানিকারক বা মৎস্যখাদ্য বিক্রয়কারি খুচরা বা পাইকারি যে নামেই হউক মৎস্যখাদ্য ক্রয় বা বিক্রয় বা আমদানি/ রপ্তানি বা মজুত করিলে উৎস সনাক্তকরণ তথ্যাদি মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(খ) মহাপরিচালক উৎস সনাক্তকরণের পদ্ধতি বিজ্ঞপ্তির মাধ্যমে জারি বা সংশোধন করিতে পারিবেন।

(গ) পরিদর্শনকারী পরিদর্শনকালে উৎস সনাক্তকরণ সংক্রান্ত তথ্য যাঁচাই করিবেন এবং প্রতিবেদন আকারে পরিদর্শনের সাত দিনের মধ্যে মহাপরিচালককে অবহিত করিবেন।

(২) উৎপাদিত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের পাত্র/বস্তার গায়ে লেবেলিং এ "ইহা শুধু মৎস্যখাদ্য হিসাবে ব্যবহারের উপযোগী" শব্দসমূহ অমোচনীয় কালিতে উল্লেখ থাকিতে হইবে।

**১৫। মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ সংরক্ষণ ইত্যাদি।**– (১) মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্যের উপকরণ হিসাবে ব্যবহৃত কাঁচামাল ও রাসায়নিক দ্রব্য পাশাগাশি বা একই কক্ষে রাখা যাইবে না এবং অবশ্যই পরিষ্কার ও স্যাঁতসেতে নয় এমন পৃথক কক্ষে সংরক্ষণ করিতে হইবে।

(২) মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্যের উপকরণ হিসাবে ব্যবহৃত কাঁচামাল ও রাসায়নিক দ্রব্য কোনোক্রমেই মেঝের ওপর রাখা যাইবে না এবং ঘরের দেয়াল হইতে কমপক্ষে ৩০ সেমি দূরে ও মেঝে হইতে কমপক্ষে ৭ ( সাত) সেমি উপরে কাঠের বা স্টেইনলেস স্টীলের পাটাতন বা মাচার বা তাকের ওপর স্ট্যাক করিতে হইবে।

**১৬। মৎস্যখাদ্য আমদানি বা রপ্তানি ইত্যাদি ।**– (১) প্রতিবার মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি বা রপ্তানির ক্ষেত্রে মহাপরিচালক বা এই বিধির উদ্দেশ্য প্রতিপালনে তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনাপত্তিপত্র গ্রহণ করিতে হইবে।
(২) উপবিধি (১)তে উল্লিখিত আমদানির জন্য এলসি ( Letter of credit) খুলিবার ১৫ (পনের) কার্যদিবসের পূর্বে ফরম -১০এর মাধ্যমে এবং রপ্তানির ক্ষেত্রে ফরম – ১১ এর মাধ্যমে আবেদন দাখিল করিতে হইবে এবং আবেদনের সাথে উক্ত ফরমে উল্লিখিত কাগজাদি (Documents) সংযুক্তি হিসাবে প্রদান করিবেন। ।

(৩) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্য বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তার মাধ্যমে বা সরাসরি সংশ্লিষ্ট দপ্তর সংস্থার সাথে যোগাযোগক্রমে অনুসন্ধান এবং যাঁচাই করিতে পারিবেন।

(৪) আপত্তি না থাকিলে ন্যূনতম ৩ দিন পূর্বে আবেদনকারীকে তাহার প্রার্থিত পদ্ধতিতে যথাক্রমে আমদানির ও রপ্তানির জন্য ফরম -১২ এবং ফরম ১৩তে অনাপত্তিপত্র প্রস্তুত করিয়া প্রেরণ করিবেন এবং উহার একটি কপি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডপূর্বক প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবেন ও একটি কপি সংশ্লিষ্ট বন্দরের সংগ নিরোধ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৫) মৎস্যখাদ্যের মান, প্যাকেজিং, লেবেলিং বিষয়ে আইন বা এই বিধির বিধান প্রযোজ্য হইবে।

(৬) উপবিধি (৫) যাহই উল্লেখ থাকুক না কেন সরকারের অনুমোদনক্রমে জনস্বার্থে অন্য যে কোন ভৌত (Physical), জীব (Biological) এবং রাসায়নিক ( Chemical) মাত্রা সংযোজনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে আদেশ প্রদান করিতে পারিবে।

(৭) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে কারণ উল্লেখপূর্বক অনাপত্তিপত্র প্রদানে অস্বীকৃতি জানাইতে পারিবেন।

(৮) সরকার কারণ উল্লেখপূর্বক বা কারণ উল্লেখ ছাড়াই যে কোন মৎস্যখাদ্য বা উহার উপকরণ আমাদানি নিষিদ্ধ করিয়া বিজ্ঞাপন জারি করিতে পারিবেন বা এইরূপ বিজ্ঞাপন সংশোধন বা বাতিল করিতে পারিবেন এবং ইস্যুকৃত অনাপত্তিপত্র বাতিল করিতে পারিবে।

(৯) বিধি ১৬ এবং বিধি ১৭ এর বিধান কার্যকর করিবার উদ্দেশ্যে সংশ্লিষ্ট বন্দরের জন্য মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকে বন্দরে মৎস্যখাদ্য ও উহার উপকরণ আগমন এবং বহির্গমন বিষয়ে প্রতিবেদন প্রদান করিবার এবং কনটেইনার পরিদর্শনের ক্ষমতা অর্পন করিবেন ।

( **ব্যাখ্যা- মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তা বলিতে মৎস্য সঙ্গানিরোধ আইন, ২০১৮** ( ২০১৮ সনের ৬৮ নং আইন ) এর ধারা ২ এর উপধারা (১৪) তে বর্ণিত মৎস্য সঙ্গানিরোধ কর্মকর্তাকে বুঝাইবে।)

**১৭। মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানি ইত্যাদি।– (১)** মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ যে দেশে রপ্তানি করা হইবে সে দেশের আইন, বিধি, নীতি এবং পরিচ্ছন্নতার (Sanitory) শর্তাবলি দ্বারা নিয়ন্ত্রিত হইবে এবং উক্ত আইন, বিধি নীতি এবং পরিচ্ছন্নতার (Sanitory) শর্তাবলি যে পরিমানে বা আকারে প্রয়োগযোগ্য সে পরিমানে ও আকারে প্রয়োগ করা ব্যতীত রপ্তানির জন্য অনাপত্তিপত্র প্রদানের আবেদন গ্রহণ করা যাইবে না।

(২) রপ্তানিকারক রপ্তানিপূর্ব আমদানিকারি দেশের মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানির জন্য প্রযোজ্য আইন, বিধি, নীতি এবং পরিচ্ছন্নতার ( Sanitary) শর্তাবলি নিজ দায়িত্বে অবহিত হইবেন এবং ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কোন শর্তাবলী বিষয়ে প্রমাণক চাহিলে আমদানিকারি তাহার উৎসসূত্রসহ সরবরাহ করিবেন।

(৩) অনাপত্তিপত্র প্রদানের পূর্বে উপধারা (২) অনুসারে প্রাপ্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানির জন্য প্রযোজ্য আইন, বিধি, নীতি এবং পশু-পরিচ্ছন্নতার (Zoo sanitary) শর্তাবলি যাচাই করিয়া নিশ্চিত হইবেন।

(৪) এ বিধিতে যাহাই উল্লেখ থাকুক না কেন সরকার আমদানিকারী দেশের মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানির জন্য প্রযোজ্য আইন, বিধি, নীতি এবং পরিচ্ছন্নতার (Sanitary) শর্তাবলি অনুসারে রপ্তানিকারক বা উৎপাদনকারী খামার বা প্রক্রিয়াকরণ কারখানার জন্য পালনীয় নির্দেশাবলি সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে আদেশ আকারে বিজ্ঞপ্তি জারি করিতে পারিবে এবং উহা সংশোধন বা বাতিল করিতে পারিবে।

**১৮। 'স্বাস্থ্য সনদ (health certificate)' ইত্যাদি।–** (১) রপ্তানির ক্ষেত্রে স্বাস্থ্যসনদ আমদানিকারি দেশের চাহিত ফরমে এবং তথ্যসহ প্রস্তুত করিতে হইবে।

(২) রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই বিধিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া ফরম-৮ মোতাবেক রপ্তানিতব্য মৎস্যখাদ্যের বা মৎস্যখাদ্য উপকরণের **'স্বাস্থ্য সনদ (Health Certificate)'** প্রদান করিবেন এবং উক্ত রূপ ইস্যুকৃত **'স্বাস্থ্য সনদ (Health Certificate)'** মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড থাকিবে যাহা অনলাইনে যাচাইযোগ্য হইবে।তবে শর্ত থাকে যে, আমদানিকারী দেশ ভেটিরিনারি স্বাস্থ্যসনদ শর্ত নির্ধারণ করিলে এইরূপ সনদ প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে সংগ্রহ করিতে পারিবে এবং তাহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়ন করিবেন।

(৩) বিধি ১৯ তে বর্ণিত পদ্ধতিতে কনসাইনমেন্ট পরিদর্শন ও সংগৃহীত নমুনা পরীক্ষণের ফলাফল বিধিতে বর্ণিত মান এবং আমদানিকারক দেশের মাত্রা বা মানের সাপেক্ষে সন্তোষজনক (compliant) হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা **'স্বাস্থ্য সনদ (health certificate)'** প্রদান করিবেন।

(৪) উপবিধি (৩) মোতাবেক পরীক্ষিত প্যারামিটারসমূহের মান বিধিতে বর্ণিত মান এবং আমদানিকারক দেশের মাত্রা বা মানের সাপেক্ষে সন্তোষজনক না হইলে বা আইন বা বিধিতে বর্ণিত নিষিদ্ধ বা ক্ষতিকর কোন দ্রব্য বা রাসায়নিক দ্রব্য থাকিলে বা মেয়াদ উত্তীর্ণ বা পঁচা মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণের ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা **'স্বাস্থ্য সনদ (health certificate)'** ইস্যু করিতে অস্বীকৃতি জানাইবে এবং পরীক্ষণ প্রতিবেদন প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে কারণ উল্লেখ করিয়া আবেদনকারী-কে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) উপবিধি (৩) মোতাবেক পরীক্ষিত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের নমুনার খাদ্যমান বিধিতে বর্ণিত খাদ্যমান অপেক্ষা নিম্ন হইলে বা বিধিতে বর্ণিত নিষিদ্ধ বা ক্ষতিকর কোন দ্রব্য বা রাসায়নিক দ্রব্য থাকিলে বা মেয়াদ উত্তীর্ণ বা পঁচা মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণের ক্ষেত্রে, সংশ্লিষ্ট লট বা ব্যাচের মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের বিরুদ্ধে বিধি ১০ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৬) উপ-বিধি (৩) অনুসারে ইস্যুকৃত স্বাস্থ্য সনদের মেয়াদ হইবে ইস্যুর তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিন। তবে, কোন কারণে নির্দিষ্ট মেয়াদের মধ্যে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানি করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট রপ্তানিকারককে স্বাস্থ্য সনদের মেয়াদ বৃদ্ধির জন্য ফি পরিশোধপূর্বক নির্ধারিত ফরমে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে আবেদন করিতে হইবে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে মূল স্বাস্থ্য সনদের মেয়াদ বৃদ্ধি করতঃ নতুন স্বাস্থ্য সনদ প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ আর কোন ক্রমেই বাড়ানো যাইবে না।

(৭) উপ-বিধি (৩) অনুসারে ইস্যুকৃত স্বাস্থ্য সনদ নষ্ট বা হারাইয়া গেলে বা উহাতে উল্লিখিত ঠিকানা সংশোধন করিতে হইলে, রপ্তানিকারক ফি পরিশোধপূর্বক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে সংশোধিত স্বাস্থ্য সনদ ইস্যুর জন্য আবেদন করিবেন। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যুক্তিযুক্ত মনে করিলে সংশোধিত স্বাস্থ্য সনদ ইস্যু করিতে পারিবেন।

(৮) আমদানিকারক দেশের বা আমদানিকারকের চাহিদা অনুসারে রপ্তানিকারক যদি উপ-বিধি (৩) অনুযায়ী প্রদত্ত স্বাস্থ্য সনদের ইনভয়েস, প্যাকিং লিস্ট এর কোনো গ্রহণযোগ্য পরিবর্তন বা সংশোধন করার জন্য অনুরোধ করে, তাহা হইলে উক্তরূপ অনুরোধের পরিপ্রেক্ষিতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিধি মোতাবেক ফি পরিশোধ নিশ্চিত হওয়া সাপেক্ষে অতিরিক্ত স্বাস্থ্য সনদ প্রদান বা সনদের ইনভয়েস/প্যাকিং লিস্টের প্রয়োজনীয় পরিবর্তন বা সংশোধন করিতে পারিবেন।

(৯) ভুল লেবেলিং এর জন্য কোনো কনসাইনমেন্ট বাতিল হইলে উক্ত কনসাইনমেন্টের মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ সঠিক লেবেল যুক্ত মোড়ক দ্বারা পুনঃপ্যাকেটজাত করে তাহা নতুন কনসাইনমেন্ট হিসেবে ঘোষণা প্রদান করা যাইবে; তবে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে রপ্তানিকারককে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বরাবর পুনঃপরিদর্শনের আবেদন করিতে হইবে।

(১০) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানির ক্ষেত্রে, রপ্তানিকারক কর্তৃক উৎপাদিত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের প্রতিটি উপাদানের ট্রেসিবিলিটি ডকুমেন্ট ও খাদ্য উৎপাদন সংক্রান্ত ডকুমেন্ট কমপক্ষে ৬ মাস সংরক্ষণ করিতে হইবে।

(১১) স্বাস্থ্য সনদ, ইনভয়েস, প্যাকিং লিস্ট, আমদানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনুমতি পত্র, চুক্তিপত্র, আমদানিকারক দেশের চাহিদা, সরকার নির্ধারিত ফি ও কর পরিশোধের চালান ইত্যাদির কোন একটি জাল বা টেম্পারিং এর মাধ্যমে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানি করা হইলে তাহা অপরাধ হিসেবে গণ্য হইবে এবং সংশ্লিষ্ট রপ্তানিকারকের বিরুদ্ধে আইনের ধারা ১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(১২) পণ্যের ওজন, প্যাকিং, লেবেলিং ইত্যাদি যাচাই সাপেক্ষে পরিদর্শন, নমুনা সংগ্রহ ও পরীক্ষণ ব্যতিরেকে ১০ কেজি পর্যন্ত বাণিজ্যিক নমুনার (Trade sample) স্বাস্থ্য সনদ প্রদান করা যাইবে।

(১৩) মৎস্যখাদ্য আমদানির ক্ষেত্রে  স্বাস্থ্যসনদ ফরম নং-৮ এর আকারে হইতে হইবে এবং এইরূপ স্বাস্থ্যসনদ রপ্তানিকারি দেশের এক্রিডেটেড ল্যারেটরিতে টেস্টিং সাপেক্ষে সেই দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত হইতে হইবে এবং বিধিতে উল্লিখিত  ভৌত, অণুজৈবিক বা রাসায়নিক মাত্রা বা মহাপরিচালক অকিরিক্ত অন্য যে কোন মাত্রা নির্ধারণ করিলে তাহাসহ স্বাস্থ্যসনদে উল্লিখিত হইবে।

(১৪) উপবিধি (১৩) তে উল্লিখিত স্বাস্থ্যসনদ প্রস্তুতকারি সংস্থার ওয়েবসাইটের মাধ্যমে বা ইমেইলের মাধ্যমে যাঁচাইযোগ্য হইতে হইবে।

(১৫) অনাপত্তিপত্র বা স্বাস্থ্যসনদে উল্লিখিত অন্য যে কোন ভৌত (Physical), অণুজৈবিক (microbiological) এবং রাসায়নিক ( Chemical) মাত্রা নমুনা পরীক্ষণের পরে ব্যত্যয় পাওয়া গেলে কনটেইনার রপ্তানিকারী দেশে আমদানিকারকের ব্যয়ে ফেরত পাঠানো হইবে।

**১৯। মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ পরিবহন।**– (১) আমাদানি বা রপ্তানি বা বাজারজাতকরণের ক্ষেত্রে, মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ পরিবহনের সর্বক্ষেত্রে গুণগতমান ও নিরাপদতা বজায় রাখিয়া পরিবহন করিতে হইবে।

(২) পরিবহনে ব্যবহৃত কনটেইনার বা যানবহনের স্ট্যাকিং অংশ ধুলাবালিমুক্ত পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত করিবার দায়িত্ব সংশ্লিষ্ট আমাদানিকারক বা রপ্তানিকারক বা প্রস্তুতকারক বা বাজারজাতকারী প্রতিষ্ঠানের ওপর বর্তাইবে।

(৩) রপ্তানিতব্য মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ পরিবহনের ক্ষেত্রে আমদানিকারক দেশের কোন বিধান থাকিলে বা আমদানিকারকের কোন নির্দেশনা থাকিলে তা অবশ্যই প্রতিপালন করিতে হইবে।

**২০। মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের কনসাইনমেন্ট পরিদর্শন, নমুনা সংগ্রহ ও পরীক্ষণ।**– (১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা স্বাস্থ্য সনদের আবেদন প্রাপ্তির পর আবেদনে বিধৃত সকল তথ্যাদি এবং উহার সাথে দাখিলকৃত বিধিতে বর্ণিত সকল দলিলাদি সংযুক্ত থাকিলে স্বীয় দপ্তরের অধঃস্তন একজন কর্মকর্তাকে কনসাইনমেন্ট পরিদর্শনের নির্দেশ প্রদান করিবেন।

(২) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্দেশিত কর্মকর্তা সরেজমিনে রপ্তানিতব্য মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের কনসাইনমেন্ট পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট রপ্তানিকারকের খাদ্য উৎপাদন কারখানা ও গুদাম বা সংরক্ষণাগারে গমন করিবেন। তিনি সরেজমিনে কারখানা ও গুদাম বা সংরক্ষণাগার পরিদর্শনপূর্বক এ আইন ও বিধির আলোকে সংশ্লিষ্ট মৎস্যখাদ্য কারখানার কম্প্লায়েন্স বিষয়ে সন্তুষ্ট হইলে এবং সংশ্লিষ্ট কনসাইনমেন্টের মৎস্যখাদ্য উৎপাদনের ক্ষেত্রে কাঁচামাল গ্রহণ হইতে খাদ্য উৎপাদন, প্যাকেটজাতকরণ ও গুদামজাতকরণের প্রতিটি ধাপে গৃহীত কার্যক্রম পর্যালোচনা ও তৎসংক্রান্ত সকল ডকুমেন্ট এবং পণ্যের লেবেলিং ইত্যাদি সম্পর্কে সন্তুষ্ট হইলে, তিনি স্বীকৃত যুক্তিসঙ্গত সংখ্যক নমুনা দৈবচয়ন পদ্ধতিতে সংগ্রহ করিবেন। তিনি সংগৃহীত নমুনা এবং পরিদর্শনকৃত মাস্টার কার্টুনের গায়ে তাঁহার স্বাক্ষর, তারিখ, পরিচিতি সংখ্যাসহ পণ্যের সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ করিয়া 'পরিদর্শিত' ট্যাগ লাগাইবেন; এবং সংগৃহীত নমুনা পরীক্ষণের জন্য সরকার কর্তৃক নির্ধারিত পরীক্ষণ ফি বা সংশ্লিষ্ট ল্যাবরেটরি কর্তৃক নির্ধারিত পরীক্ষণ ফি মৎস্যখাদ্য রপ্তানিকারক বা তাঁহার প্রতিনিধির নিকট হইতে সংগ্রহ করিবেন; এবং উক্ত নমুনার তথ্যাদি লিপিবদ্ধ করিয়া রপ্তানিকারক বা তাঁহার প্রতিনিধিকে উক্ত কর্মকর্তা এতদুদ্দেশ্যে 'ফরম-৯' অনুযায়ী প্রস্তুতকৃত রশিদ বহিতে নিজ স্বাক্ষরে রশিদ প্রদান করিবেন।

(৩) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা রপ্তানিতব্য মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের সংগৃহীত নমুনাসমূহ কোডিংয়ের মাধ্যমে গুণগত মান (প্রক্সিমেট কম্পোজিশন), অনুজীবতাত্ত্বিক, রাসায়নিক এবং আমদানিকারক দেশের চাহিদা অনুসারে প্রয়োজনীয় অপর কোনো প্যারামিটার পরীক্ষার জন্য মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে প্রেরণ করিবেন।

২১। **রপ্তানিতব্য মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণের মোড়কজাতকরণ ও লেবেলিং।**–(১) আমদানিকারক দেশের বিধি-বিধান ও চাহিদা বা আমদানিকারকের নির্দেশিত মৎস্যখাদ্যের পাত্র বা কার্টুনসমূহ প্রস্তুত, প্যাকিং, লেবেলিং এবং সীলকৃত হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত রপ্তানিতব্য মৎস্যখাদ্য লেবেলিং এর ক্ষেত্রে ইংরেজিতে হইবে, তবে ক্ষেত্রমত, ক্রেতা বা আমদানিকারক কর্তৃক চাহিত অন্য কোন ভাষায় লেবেলিং করিতে হইলে পাশাপাশি বাংলা ভাষায় উল্লিখিত হইতে হইবে।

২২। **মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ বিদেশ হইতে ফেরত আসিলে ব্যবস্থা।**-(১) বাংলাদেশ হইতে রপ্তানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের কোন কনসাইনমেন্ট আমদানিকারক দেশ হইতে কোন কারণে ফেরত আসিবার পর উক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ ধারা ১৬ এর উপ-ধারা (১) অনুযায়ী বাজেয়াপ্ত করা যাইবে এবং বাজেয়াপ্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ একই ধারার উপ-ধারা (৩) মোতাবেক বিনষ্ট করিতে হইবে।

**মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন কারখানা স্থাপন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, ও বিপণন (ক্যাটাগরি-**

১২। তফসিল-১ (বিধি-৪ দ্রষ্টব্য ) এর পরে শিরোনাম নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

[ক্যাটাগরি-১ এবং ১(ক)]: মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী কারখানা স্থাপন, খাদ্য প্রস্তুত, প্রক্রিয়াজাতকরণ, জনবল ইত্যাদির সুবিধাদিঃ

১৩। তফসিল-১ এর দফা (ক) নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

(ক) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী ক্যাটাগরি-১ এবং ১(ক) কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ প্রস্তুত, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণাগার, ল্যাবরেটরি, সংমিশ্রণ, প্যাকিং ইত্যাদির জন্য নিম্নবর্ণিত সুবিধাদি থাকিতে হইবেঃ

১৪। তফসিল-১ এর দফা (ক) এর (৪) ও (৫) উপদফা যথাক্রমে নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

(৪) মানসম্মত মৎস্যখাদ্য উপকরণ এবং মৎস্যখাদ্যের জন্য পৃথক সংরক্ষণাগার বা গুদাম ঘর;

(৫) যোগাযোগ ব্যবস্থা, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহ বা অন্যবিধ জ্বালানি উৎস;

১৫। তফসিল-১ এর দফা (খ) এর শিরোনাম নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

(খ) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী [ক্যাটাগরি-১ এবং ১(ক)] কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে নিম্মবর্ণিত যন্ত্রপাতি/সরঞ্জামাদির ইউনিট থাকিতে হইবেঃ

১৬। তফসিল-১ এর দফা (গ) নিম্নরূপ দফা (গ) দ্বারা প্রতিস্থাপিত হবে এবং দফা (গ) এর পরে নিম্নরূপে দফা (ঘ) নূতনভাবে সন্নিবেশিত হবে।

(গ) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকারী [ক্যাটাগরি-১ এবং ১(ক)] কারখানা স্থাপন ও পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ ও কারিগরি জনবলের তথ্যাদি।

(ঘ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে তথ্য সংরক্ষণ ও পণ্যের উৎস সনাক্তকরণ (Traceability) এর তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা করিতে হইবে।

১৭। তফসিল-৩(ক) ও তফসিল ৩(খ) নিম্নরূপ তফসিল-৩ (ক) ও তফসিল -৩ (খ) দ্বারা প্রতিস্থাপিত এবং তফসিল -৩ (খ) এর পরে তফসিল -৩(খখ) নূতনভাবে সন্নিবেশিত হইবে -

## তফসিল-৩ (ক)

(বিধি ২ ও ৪ দ্রষ্টব্য)

**মাছ বা চিংড়ির খাদ্যোপাদানে প্রাণিজ আমিষের পরিমাণ ও খাদ্যে ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (শুষ্ক অবস্থায়):**

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| ০১ | ফিশমিল | ৫০-৬৫ | ৫০ |
| ০২ | ফিশ সাইলেজ | ৪৫-৭০ | ৩০ |
| ০৩ | হাঁস-মুরগির উপজাত মিল | ৫০-৬০ | ২০ |
| ০৪ | পোল্ট্রি অফাল মিল | ৬০-৬৫ | ৩০ |
| ০৫ | ব্লাড মিল | ৭০-৯০ | ১০ |
| ০৬ | বোন মিল[১] | ১০-২০ | ৫ |
| ০৭ | মিট মিল[২] | ৫০-৬০ | ৩০ |
| ০৮ | মিট এন্ড বোন মিল (ফিড গ্রেড)[৩] | ৪০-৫০ | ২৫ |
| ০৯ | সিল্ক ওয়ার্ম পিউপি | ৪০-৫০ | ২০ |
| ১০ | শ্রিম্প মিল | ৪০-৫৫ | ২৫ |
| ১১ | শ্রিম্প মিল (মাথা ও লেজ) | ১৫-২০ | ৮ |

**তফসিল-৩ (খ)**

(বিধি ২৩ ৪ দ্রষ্টব্য)

**মাছ বা চিংড়ির খাদ্যোপাদানে প্রধান প্রধান উদ্ভিজ আমিষের পরিমাণ ও খাদ্যে ব্যবহারের সর্বোচ্চ মাত্রা ( শুষ্ক অবস্থায়):**

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| | **তৈলবীজ এবং ফলের তৈল** | | |
| ১ | সয়াবিন (বীজ) কাঁচা | ২৫-৩৫ | ১০ |
| ২ | সয়াবিন মিল (দ্রাবক বা যান্ত্রিক ভাবে আহরিত নির্যাস) | ৪০-৪৫ | খাদ্যের প্রোটিনের <৩০% অথবা মিথিওনিন সহযোগে খাদ্যের প্রোটিনের <৭৫% |
| ৩ | তুলা বীজ খৈল (তৈল নিষ্কাষিত) | ৩০-৪০ | ১৫ |
| ৪ | বাদাম খৈল | ৩০-৫০ | ২৫ |
| ৫ | সূর্যমুখী বীজ খৈল | ৩০-৪০ | ২৫ |
| ৬ | তিসি বীজ খৈল | ৩০-৪০ | ২৫ |
| ৭ | সরিষার খৈল | ৩০-৩৫ | ২০ |
| ৮ | রাই সরিষার খৈল | ৩০-৪০ | ২০ |
| | **দানা জাতীয় শস্য** | | |
| ১ | চালের কুঁড়া (অটো) | ১০-১৪ | ৬০ |
| ২ | চালের কুঁড়া ( তেল নিষ্কাষিত) | ১৪-১৮ | ৫০ |
| ৩ | গম ভাঙা (ময়দা) | ১২-১৪ | ২০ |

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| ৪ | গমের ভূষি (মিহি) | ১২-১৬ | ৫০ |
| ৫ | ভুট্টা | ৮-১০ | ৫০ |
| | **জলজ উদ্ভিদ** | | |
| ১ | শুকনা এ্যাজোলা মিল | ২০-২৫ | ২৫ |
| ২ | শুকনা ক্ষুদিপানা | ১৮-২০ | ২৫ |

**তফসিল-৩ (খখ)**

(বিধি ২ ও ৪ দ্রষ্টব্য)

মৎস্যখাদ্যে ব্যবহারযোগ্য অন্যান্য উপকরণ

| ক্রমিক নং | খাদ্য উপাদান | অশোধিত প্রোটিন (%) | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা (%) |
|---|---|---|---|
| ১ | ইপিল-ইপিল পাতার মিল | ২৫-২৮ | ২০ |
| ২ | ফিশ অয়েল | -- | ২০ |
| ৩ | কাসাবা | ১.৫-৩.৫ | ২০ |
| ৪ | টেপোইকা | ০.২-০.৩ | ২০ |
| ৫ | সারগম | ১১-১৩ | ২০ |
| ৬ | গুয়ারমিল | ৩৮-৪০ | ১৫ |
| ৭ | গুয়ার কোরমা (টোস্টেড) | ৪০-৫০ | ১৫ |
| ৮ | ইষ্টমিল | ৪৫-৬৫ | ১০ |

| | | | |
|---|---|---|---|
| ৯ | কর্নমিল | ৭-৯ | ২০ |
| ১০ | পাম ওয়েল কার্নেল | ১২-১৪ | ১০ |
| ১১ | ডিষ্টিলার্জ ড্রাইড গ্রেইন সলিউডস (ডিডিজিএস) | ২৫-৩২ | ১০ |

**(কাসাবা, টেপোইকা, সারগুম, গুয়ারমিল, গুযার কোরমা, ইউমিল, কর্ণমিল, পাম ওয়েল কার্নেল,** ডিষ্টিলার্জ ড্রাইড গ্রেইন সলিউডস (ডিডিজিএস) ইত্যাদি মৎস্য খাদ্যে ব্যবহারযোগ্য উপকরণ।)

**১৮। তফসিল -৪ নিম্নরূপ তফসিল-৪ দ্বারা প্রতিস্থাপিত হবে -**

**তফসিল-৪**

(বিধি ২ ও ৬ দ্রষ্টব্য)

**মৎস্যখাদ্যে ব্যবহার উপযোগী ফিড এডিটিভস এর তালিকা**

**(ক) এন্টি অক্সিডেন্ট, এডসরবেন্ট, প্রিজারভেটিভস :**

০১. Calcium Citrate
০২. Calcium Polyphosphate
০৩. Calcium Sulphite
০৪. Calcium Hydrogen Sulphite
০৫. Calcium Benzoate
০৬. Ascorbic Acid
০৭. Citric Acid
০৮. Sorbic Acid
০৯. Potassium Sorbate
১০. Calcium Sorbate
১১. Tetra- Potassium Di-phosphate
১২. Mono-potassium Ortho-phosphate
১৩. Benzoic Acid
১৪. Sodium Benzoate
১৫. Potassium Benzoate
১৬. Sulpher Di-oxide
১৭. Sodium Sulphite

১৮. Sodium Sorbate
১৯. Sodium Ascorbate
২০. Sodium Hydrogen Sulphite
২১. Potassium Ascorbate
২২. Sodium Citrate
২৩. Monosodium Ortho-phosphate
২৪. Tetra Sodium Di-phosphate
২৫. Penta Sodium Tri - phosphate
২৬. Sodium Mita Bi -sulphite
২৭. Potassium Meta Bi- sulphite
২৮. Potossium Hydrogen Sulphite
২৯. Sodium Tri-phosphate
৩০. Sodium Poly Phosphate
৩১. Potassium Polyphosphate
৩২. Penta -Potassium Tri-phosphate
৩৩. Potassium Sulphate
৩৪. Potassium Citrate
৩৫. Potassium Tri-phosphate
৩৬. Sodium-Calcium Polyphosphate
৩৭. Sorbitol
৩৮. Mannitol
৩৯. Isomalt
৪০. Maltitol
৪১. Lactitol
৪২. Xilitol
৪৩. Sodium Bi - Carbonate
৪৪. Copper Sulphate
৪৫. Mono Calcium Phosphate (MCP)
৪৬. Leuco Sulphonate
৪৭. Magnesium Oxide
৪৮. L-Triptophane
৪৯. Prebiotics
৫০. Photosynthetic Bacteria
৫১. Pigment
৫২. Propionic Acid
৫৩. Acetic Acid
৫৪. Fobwill Acid
৫৫. Calcium ascorbate
৫৬. Ascorbyl palpitate

৫৭. Tocopherol extract (Alpha-tocopherol)
৫৮. Propyl gallate
৫৯. Butylated hydroxyanisole (BHA)
৬০. Butylated hydroxytuluene (BHT)
৬১. Calcium silicate
৬২. Sodium aluminosilicates
৬৩. Hydrated sodium calcium aluminosilicate (HSCAS)
৬৪. Bentonite clays
৬৫. Kaolinitic clays
৬৬. Diatomaceous earth
৬৭. Vermiculite
৬৮. Sepiolite / Sepiolitic clay
৬৯. Perlite
৭০. Clinoptilolite
৭১. Natrolite-phonolite
৭২. Steatites and chlorite
৭৩. Activated carbon
৭৪. Sorbic acid
৭৫. Formic acid
৭৬. Sodium formate
৭৭. Potassium diformate
৭৮. Calcium formate
৭৯. Sodium bisulphate
৮০. Sodium nitrite
৮১. Sodium diacetate
৮২. Calcium acetate
৮৩. Lactic acid
৮৪. Propionic acid
৮৫. Sodium propionate
৮৬. Calcium propionate
৮৭. Ammonium propionate
৮৮. Ammonium formate
৮৯. DL-malic acid
৯০. Fumaric acid
৯১. Calcium lactate
৯২. Citric acid
৯৩. Orthophosphoric acid
৯৪. Humic Acid
৯৫. Fulvic Acid

৯৬. Phytogenic Extract
৯৭. Neocleotides

(খ) এমাইনো এসিড:

০১. L-Lysine
০২. L-Lysine monohydrochloride
০৩. L-Lysine sulphate
০৪. L-Threonine
০৫. L-Tryptophan
০৬. L-Histidine
০৭. L-Arginine
০৮. L-Isoleucine
০৯. DL-Methionine
১০. Sodium DL-Methionine
১১. L-Methionine
১২. DL-Methionyl-DL-methionine
১৩. Hydroxy and calcium analogues of Methionine
১৪. Isopropyl ester of the hydroxlated analogue of methionine
১৫. L-Valine
১৬. L-Cystine
১৭. L-Tyrosine
১৮. Phenylalanine
১৯. Leucine

**(গ) এনজাইম :**

০১. Amylases
০২. Glucanases
০৩. Cellulases
০৪. Xylanases
০৫. 3-phytase / 6-phytase
০৬. Mannanases
০৭. Galactosidases
০৮. Protease

**(ঘ) প্রোবায়োটিকস :**

০১. *Bacillus subtilis*

০২. *Enterocococcus faecium*
০৩. *Lactobacillius buchneri*
০৪. *Lactobacillius casei*
০৫. *Lactobacillius plantarum*
০৬. *Lactobacillius salivarius*
০৭. *Lactobacillius lactis*
০৮. *Pediococcus pentosaceus*
০৯. *Saccharomyces* cerevisiae
১০. *Lactobacillius farciminis*
১১. *Bacillius licheniformis*
১২. *Bacillius amyloliquefaciens*
১৩. *Pediococcus acidilactici*
১৪. *Lactobacillius acidophilus*

**(ঙ) নিম্নবর্ণিত দুই বা ততোধিক ভিটামিন বা প্রো-ভিটামিন এর মিশ্রণ / প্রিমিক্স:**

০১. Retinyl acetate
